

060

আজ থেকে আলিম
ফাজিল ও কামিল
পরীক্ষা শুরু

॥ স্টাফ রিপোর্টার ॥

আজ থেকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা
বোর্ডের আলিম, ফাজিল ও কামিল
পরীক্ষা শুরু হচ্ছে। সারা দেশে মোট
১০০শ' ২২টি কেন্দ্রে এ পরীক্ষা
অনুষ্ঠিত হবে।

এবার আলিম পরীক্ষায় সাধারণ,
বিজ্ঞান ও মুদাব্বিদ বিভাগে ২শ' ৬৮
জন ছাত্রীসহ মোট ১৭ হাজার ৬শ'
১২ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছে।
ফাজিল পরীক্ষায় তিনটি বিভাগে মোট
পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে ১১ হাজার
৪শ' ৮২ জন। এর মধ্যে ছাত্রী হচ্ছে
১০০শ' ১১ জন।

কামিল পরীক্ষায় এবার হাদিস,
ফিকহ, তাফসীর, আদব ও মুদাব্বিদ
বিভাগে ৭ জন ছাত্রীসহ মোট ৩
হাজার ৫শ' ৬১ জন পরীক্ষার্থী
অংশগ্রহণ করবেন।